দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 2 4 2000
পৃষ্ঠা ৭ কলাম ৩

08

সন্ত্রাসীদের ঘোষণাঃ

## 'দুইদিনের মধ্যে ভর্তি না করিলে বোমা মারিয়া স্কুল উড়াইয়া দিব'

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (রবিবার) দুপুরে কয়েকজন তরুণ বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে হামলা চালায়। তাহারা বিদ্যালয়ের অফিস কক্ষ ভাংচুর এবং কর্তব্যরত কেরানী আব্দুস সাত্তারকে প্রহার করে।

বিদ্যালয় কর্তৃপক্ষ জানান, ভর্তি পরীক্ষায় অকৃতকার্য দুইজন ছাত্রীকে তরুণরা ভর্তি করার জন্য কর্তৃপক্ষের নিকট

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## দুইদিনের মধ্যে ভর্তি

(প্রথম পৃষ্ঠার পর)

দাবী জানাইলে কর্তৃপক্ষ তাহাদের ভর্তি করা সম্ভব নয় বলিয়া জানাইয়া দেন। ইহার জের হিসাবে গতকাল তাহারা উক্ত বিদ্যালয়ে হামলা চালায়।

তরুণরা হামলা শেষে চলিয়া যাওয়ার সময় কর্তৃপক্ষকে জানাইয়া দেয় যে, আগামী দুই দিনের মধ্যে উক্ত দুই ছাত্রীকে ভর্তির ব্যবস্থা না করিলে বোমা মারিয়া স্কুল উড়াইয়া দিবে। ইহার ফলে স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রীরা ভীতসন্ত্রস্ত হইয়া পড়ে। বিষয়টি সুত্রাপুর থানাকে অবহিত করা হইয়াছে বলিয়া স্কুল কর্তৃপক্ষ জানান। গতকাল রাত ৮টায় সুত্রাপুর থানার সঙ্গে যোগাযোগ করা হইলে ওসি জানান, ঘটনা সম্পর্কে থানায় কোন অভিযোগ দায়ের করা হয় নাই।